

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর,
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৭.৩৩.২৬-৭৯

০২ আশ্বিন ,১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ১৫ সেপ্টেম্বর,২০২৬ খ্রিষ্টাব্দ

## ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহে সরাসরি ৩য় পর্বে শূন্য আসনে শিক্ষার্থী ভর্তি সময় বৃদ্ধি বিষয়ক বিজ্ঞপ্তি:

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অনুমোদিত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল), আলিম(বিজ্ঞান) ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এইচএসসি (বিজ্ঞান) হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সরাসরি ৩য় পর্বে শূন্য আসনে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

এছাড়াও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (মেরিন/ শিপ বিল্ডিং টেকনোলজি) শিক্ষাক্রমে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমদিত ০৬ টি সরকারি আইএমটিতে ২ বছর মেয়াদী সার্টিফিকেট ইন মেরিন ট্রেড ও এইচএসসি (বিজ্ঞান) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সরাসরি ৩য় পর্বে শূন্য আসনে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

আগ্রহী শিক্ষার্থীগণকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর নিম্নবর্ণিত তারিখের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্ধারিত ফরমে (সংযুক্ত-১) আবেদন করতে হবে।

### (ক) শিক্ষার্থীর আবেদনের যোগ্যতা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং:

ক) বাংলাদেশের স্বীকৃত শিক্ষা বোর্ড হতে গনিত/উচ্চতর গণিতে পাশসহ এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল) /আলিম (বিজ্ঞান) ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এইচএসসি (বিজ্ঞান) বিভাগ হতে উত্তীর্ণ হতে হবে;

খ) **সরকারি প্রতিষ্ঠানের জন্য** ২০২১ হতে ২০২৫ সালে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল), আলিম (বিজ্ঞান) ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এইচএসসি (বিজ্ঞান) বিভাগ হতে উত্তীর্ণসহ নূন্যতম জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে;

গ) **বেসরকারি প্রতিষ্ঠানের জন্য** ২০১৬ হতে ২০২৫ সালে এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল)/আলিম (বিজ্ঞান) ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এইচএসসি (বিজ্ঞান) উত্তীর্ণসহ নুন্যতম জিপিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

### (খ) শিক্ষার্থীর আবেদনের যোগ্যতা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেরিন/ শিপ বিল্ডিং টেকনোলজি) জন্য:

ক) ২০২১ হতে ২০২৫ সালে সরকারি আইএমটিতে ০২ বৎসর মেয়াদী সার্টিফিকেট ইন মেরিন ট্রেড উত্তীর্ণ / উচ্চতর গণিতসহ জিপিএ ২.৫০ প্রাপ্ত এইচএসসি (বিজ্ঞান) এইচএসসি (ভোকেশনাল) /আলিম (বিজ্ঞান) ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এইচএসসি (বিজ্ঞান) বিভাগ হতে উত্তীর্ণ হতে হবে; উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) শারীরিক যোগ্যতাঃ উচ্চতা, ছাত্র প্রার্থীদের জন্য কমপক্ষে ৫ ফিট ৪ ইঞ্চি এবং ছাত্রী প্রার্থীদের জন্য কমপক্ষে ৫ ফিট ২ ইঞ্চি হতে হবে।

গ) দৃষ্টিশক্তিঃ ন্যূনতম ৬/১২ (চশমাসহ ৬/৬ ) হতে হবে।

ঘ) ওজনঃ বিশ্বস্বাস্থ্য সংস্থার / BMI (Body Mass Index চার্ট মোতাবেক হতে হবে।

(BMI সর্বনিম্ন ১৭ এবং সর্বোচ্চ ২৫ হতে হবে, যেমন উচ্চতা ন্যূনতম ছাত্র ৫ ফিট ৪ ইঞ্চি, ওজন ৪৫-৬৬ কেজি এবং ছাত্রী ৫ ফিট ২ ইঞ্চি, ওজন ৩৪-৫৭ কেজি।)

ঙ) স্বীকৃতিপ্রাপ্ত চিকিৎসক হতে মেডিক্যাল ফিটনেস সনদ, চক্ষু ও কালার ভিশন ফিটনেস সনদ এবং হেয়ারিং ফিটনেস সনদপ্রাপ্ত হতে হবে।

### (গ) প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড আবেদন প্রেরণের নিয়মাবলী:

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাপ্ত সকল আবেদন নিম্নবর্ণিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে login করে বোর্ডের ওয়েবসাইটে **অনলাইনে তথ্য প্রেরণ ব্লকের ডিপ্লোমা/এইচএসসি পর্যায়ে "All Diploma (3rd Semester) Admission for HSC (Science) Student ( Link 1, Link 2, Link 3 ) "** লিংক-এ প্রবেশ করে প্রথমে **Technology & Shift wise** শুন্য আসনের তথ্য দিতে হবে। এরপর **Admission Data Entry Form** এ Click করে শিক্ষার্থীর তথ্য Entry সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানে শুন্য আসন না থাকলে ভর্তির জন্য Entry দেওয়া যাবে না। তবে এক্ষেত্রে প্রতিষ্ঠানের তালিকা হতে শুন্য আসন রয়েছে এমন প্রতিষ্ঠানকে নির্বাচন করে Entry দেওয়া যাবে। একজন শিক্ষার্থীর জন্য সর্বোচ্চ ০২ (দুইটি) প্রতিষ্ঠান নির্বাচন করা যাবে।

**(ঘ) ভর্তি বিষয়ক সময়সূচি: ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেরিন/ শিপ বিল্ডিং টেকনোলজি) শিক্ষাক্রমের জন্য।**

| ক্রঃ নং | সময়সূচি | সময়কাল |
|---|---|---|
| ১। | শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে আবেদনের সময় | ২১ জুলাই হতে ২১ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. |
| ২। | প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর তথ্য অন-লাইনে প্রেরণের সময় | ২২ জুলাই হতে ২২ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. |
| ৩। | বোর্ড কর্তৃক প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের মেধা তালিকার ভিত্তিতে চূড়ান্ত ফলাফল প্রকাশ | ২৪ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. |
| ৪। | শিক্ষার্থীর স্ব-শরীরে উপস্থিত হয়ে প্রতিষ্ঠানে ভর্তির সময় | ২৭ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬খ্রি. |
| ৫। | প্রতিষ্ঠানকর্তৃক আবেদনকৃত শিক্ষার্থীদের আবেদন ফি এবং ভর্তিকৃত শিক্ষার্থীর মূল সনদপত্র ও মূল নম্বরপত্র বোর্ডের কারিকুলাম বিভাগে (নতুন ভবন, ৭ম তলায়) **ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (মেরিন/ শিপ বিল্ডিং টেকনোলজি)-৭০৩ নম্বর কক্ষে** প্রদর্শনসহ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়াডিং ও মোট শিক্ষার্থীর তালিকা বোর্ডে জমা দানের সময় | ০১ অক্টোবর হতে ০৮ অক্টোবর ২০২৬খ্রি. |
| ৬। | প্রতিষ্ঠানে ৩য় পর্বের ক্লাশ শুরুর সময় | বর্ষপুঞ্জি অনুযায়ী ক্লাশ শুরু হবে। |

**(ঙ) শিক্ষার্থীগণ আবেদনের সময় জমাকৃত ডকুমেন্ট ও ফি বিষয়ক তথ্যাদি।**

| | |
|---|---|
| ১। | এসএসসি ও এইচএসি পাশের সনদপত্র; |
| ২। | এসএসসি ও এইচএসসি পাশের নম্বরপত্র; |
| ৩। | এসএসসি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ড; |
| ৪। | পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-৩ কপি; |
| ৫। | প্রতিষ্ঠান হতে নির্ধারিত ভর্তির আবেদন ফরম ৫০/- টাকা জমা দিয়ে উত্তোলন করতে হবে (প্রতিষ্ঠান প্রাপ্য হবে) এবং আবেদনপত্র জমা দেওয়ার সময় রশিদের মাধ্যমে ১০০/ টাকা জমা দিতে হবে (বোর্ড প্রাপ্য হবে); |
| ৬। | প্রতিষ্ঠান প্রধানগণ আবেদনপত্র বাবদ প্রাপ্ত অর্থ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর শুধুমাত্র সোনালী ব্যাংক পিএলসি ব্যাংকের মাধ্যমে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার করবেন। |

**বিঃদ্রঃ ক) অনলাইনে শিক্ষার্থীর তথ্য প্রেরণের সময় প্রতিষ্ঠান ও টেকনোলজি নির্বাচন না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে;**

**খ) ভর্তির সময় শিক্ষার্থীকে আবশ্যিকভাবে এসএসসি ও এইচএসসি এর মূল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং ছকে বর্ণিত তারিখের মধ্যে জমাকৃত মূল নম্বরপত্র বোর্ডে প্রদর্শন করতে হবে। মূল নম্বরপত্র বোর্ডে প্রদর্শনে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

(প্রকৌশলী অনিমেশ পাল)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর,
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৭.৩৩.২৬-৮০

তারিখ: ০২ আশ্বিন ,১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর,২০২৬ খ্রিষ্টাব্দ

**এইচএসসি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্লাস্টারভিত্তিক ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে সরাসরি ৪র্থ পর্বের শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির সময় বৃদ্ধি বিষয়ক বিজ্ঞপ্তি:**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত সরকারি ও বেসরকারি ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালিত **সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২২ থেকে ২০২৫ সাল এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২০ হতে ২০২৫ সালে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম উত্তীর্ণ শিক্ষার্থীদের ৪র্থ পর্বের শূন্য আসনে ক্লাস্টারভিত্তিক** শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ভর্তির জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতষ্ঠান প্রধান বরাবর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে টেকনোলজি ও ক্লাস্টারভিত্তিক প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে নিম্নের ছক অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে প্রেরণসহ ভর্তি কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে প্রাপ্ত জিপিএ অনুসারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাপ্ত আবেদন ও শূন্য আসনের ভিত্তিতে মেধাক্রম প্রণয়নপূর্বক ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

## ২.০ ভর্তি সংক্রান্ত তথ্য:

### ২.১ ভর্তির আবেদনের যোগ্যতা ও নিয়মাবলী:

২.১.১ সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২২ থেকে ২০২৫ সাল এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২০ হতে ২০২৫ সালে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম উত্তীর্ণ হতে হবে;

২.১.২ এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় সরকারি প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম জিপিএ ৩.০০ এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।

### ২.২ ভর্তির আবেদন, ফলাফল ও বোর্ডে তথ্যাদি জমা প্রদানের সময়সূচি:

| ক্রঃ নং | সময়সূচি | সময়কাল |
|---|---|---|
| ১। | শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে আবেদনের সময় | ২১ জুলাই হতে ২১ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. |
| ২। | প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর তথ্য অন-লাইনে বোর্ডে প্রেরণের সময় | ২২ জুলাই হতে ২২ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. |
| ৩। | বোর্ড কর্তৃক প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের মেধা তালিকার ভিত্তিতে চূড়ান্ত ফলাফল প্রকাশ | ২৪ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. |
| ৪। | শিক্ষার্থীর স্ব-শরীরে উপস্থিত হয়ে প্রতিষ্ঠানে ভর্তির সময় | ২৭ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬খ্রি. |
| ৫। | প্রতিষ্ঠানকর্তৃক আবেদনকৃত শিক্ষার্থীদের আবেদন ফি এবং ভর্তিকৃত শিক্ষার্থীর মূল সনদপত্র ও মূল নম্বরপত্র বোর্ডের কারিকুলাম বিভাগে (নতুন ভবন, ৭ম তলায়) **ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেরিন/ শিপ বিল্ডিং টেকনোলজি)-৭০৩ নম্বর কক্ষে** প্রদর্শনসহ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিং ও মোট শিক্ষার্থীর তালিকা বোর্ডে জমা দানের সময় | ০১ অক্টোবর হতে ০৮ অক্টোবর ২০২৬খ্রি. |
| ৬। | প্রতিষ্ঠানে ৩য় পর্বের ক্লাশ শুরুর সময় | বর্ষপুঞ্জি অনুযায়ী ক্লাশ শুরু হবে। |

**২.৩ আবেদনের নিয়মাবলী ও আবেদনের সাথে প্রদেয় প্রয়োজনীয় ডকুমেন্টস:**

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাপ্ত সকল আবেদন নিম্নবর্ণিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে login করে বোর্ডের ওয়েবসাইটে **অনলাইনে তথ্য প্রেরণ ব্লকের ডিপ্লোমা/এইচএসসি পর্যায়ে "All Diploma (Engg/Text/Agri/Fish/Live/Forest/Marine) (4th Semester) Admission for HSC (Vocational) Student ( Link 1, Link 2, Link 3 ) "** লিংক-এ প্রবেশ করে প্রথমে **Technology & Shift wise** শুন্য আসনের তথ্য দিতে হবে। এরপর **Admission Data Entry Form** এ Click করে শিক্ষার্থীর তথ্য Entry সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানে শুন্য আসন না থাকলে ভর্তির জন্য Entry দেওয়া যাবে না। তবে এক্ষেত্রে প্রতিষ্ঠানের তালিকা হতে শুন্য আসন রয়েছে এমন প্রতিষ্ঠানকে নির্বাচন করে Entry দেওয়া যাবে। একজন শিক্ষার্থীর জন্য সর্বোচ্চ ০২ (দুইটি) প্রতিষ্ঠান নির্বাচন করা যাবে।

২.৩.১ শিক্ষার্থীগণ আবেদনপত্রের সাথে ১৫০.০০ টাকা করে আবেদন ফি অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর জমা প্রদান করবে। তন্মধ্যে শিক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা বোর্ড এবং ৫০ টাকা প্রতিষ্ঠান প্রাপ্য হবে। বোর্ডের প্রাপ্য শিক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করে বোর্ড নির্ধারিত সময়ে জমা প্রদান করতে হবে;

২.৩.২ এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম উত্তীর্ণের মূল সনদপত্র ও নম্বরপত্র;

২.৩.৩ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের উত্তীর্ণের মূল নম্বরপত্র ও সনদপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড;

২.৩.৪ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদেয় প্রশংশাপত্র;

২.৩.৫ পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি।

**৩.০ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ৪র্থ পর্বে ভর্তির জন্য এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নির্ধারিত ট্রেডসমূহ ক্লাস্টারভিত্তিক ছক। নিম্ন ছক অনুসরণপূর্বক শিক্ষার্থী ভর্তি করতে হবে:**

| ক্র:নং | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | এইচএসসি (ভোকেশনাল) |
|---|---|---|
| ৪৯. | আর্কিটেকচার টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৫০. | অটোমোবাইল টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ৫১. | কেমিক্যাল টেকনোলজি | ০১. অ্যাগ্রো মেশিনারি ট্রেড |
| ৫২. | সিভিল টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৫৩. | সিভিল (উড) টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৫৪. | ইলেকট্রিক্যাল টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ৫৫. | ইলেকট্রনিক্স টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ৫৬. | ফুড টেকনোলজি | ০১. এগ্রো মেশিনারি ট্রেড<br>০২. ফিশ কালচার অ্যান্ড ব্রিডিং ট্রেড<br>০৩. পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং ট্রেড |
| ৫৭. | মেকানিক্যাল টেকনোলজি | ০১. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড<br>০৪. অটোমোবাইল ট্রেড |
| ৫৮. | পাওয়ার টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৪. এগ্রো মেশিনারি ট্রেড |
| ৫৯. | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ৬০. | সিরামিকস্ টেকনোলজি | ০১. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |
| ৬১. | গ্লাস টেকনোলজি | ০১. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |

| ক্র:নং | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | এইচএসসি (ভোকেশনাল) |
|---|---|---|
| ৬২. | সার্ভেয়িং টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৬৩. | মেরিন টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ৬৪. | শীপ বিল্ডিং টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ৬৫. | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | ০১. কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেড |
| ৬৬. | ইলেকট্রমেডিক্যাল টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ৬৭. | কন্সট্রাকশন টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৬৮. | এনভায়রনমেন্টাল টেকনোলজি | ০১. ড্রাফটিং সিভিল ট্রেড<br>০২. বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেড |
| ৬৯. | মেকাট্রনিক্স টেকনোলজি | ০১. অটোমোবাইল ট্রেড<br>০২. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৪. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন ট্রেড |
| ৭০. | টেলিকমিউনিকেশন টেকনোলজি | ০১. ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০২. ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন ট্রেড |
| ৭১. | গ্রাফিক্স ডিজাইন টেকনোলজি | ০১. ক্লদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিসিং ট্রেড<br>০২. কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |
| ৭২. | প্রিন্টিং টেকনোলজি | ০১. ক্লদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিসিং ট্রেড<br>০২. কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেড<br>০৩. মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেড |

## ২.৪ ফলাফল প্রকাশ ও ভর্তি সম্পন্নকরণ এবং প্রয়োজনীয় তথ্যাদি বোর্ডে জমা প্রদানঃ

২.৪.১ শিক্ষার্থীদের শূন্য আসনের ভিত্তিতে মেধাক্রম প্রণয়নপূর্বক ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল নির্ধারিত তারিখে বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে;

২.৪.২ বোর্ড কর্তৃক ফলাফল ঘোষণার পর নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ডকুমেন্টস ও নির্ধারিত ভর্তি ফি প্রদানপূর্বক ভর্তি সম্পন্ন করতে হবে;

২.৪.৩ পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট বোর্ডে জমা দিতে হবে। এ বিষয়ে ফলাফল প্রকাশের সময় বিস্তারিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে;

২.৪.৪ ভর্তির সময় শিক্ষার্থীকে আবশ্যিকভাবে এসএসসি ও এইচএসসি এর মূল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং ছকে বর্ণিত তারিখের মধ্যে জমাকৃত মূল নম্বরপত্র বোর্ডে প্রদর্শন করতে হবে। মূল নম্বরপত্র বোর্ডে প্রদর্শনে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(প্রকৌশলী অনিমেশ পাল)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা